# হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর

**জুলাই শহীদ দিবস ২০২৬** উপলক্ষে

মাননীয় ভাইস-চ্যান্সেলর **প্রফেসর ড. মো. এনামউল্যা** প্রদত্ত

# বাণী

আজ ১৬ জুলাই, **'জুলাই শহীদ দিবস'**। গভীর শোক, শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সঙ্গে আমি স্মরণ করছি ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে আত্মোৎসর্গকারী সকল বীর শহীদকে। আজকের এ দিনে আমি সশ্রদ্ধ চিত্তে স্মরণ করছি রংপুর বেগম বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী, বীরত্ব ও সাহসের প্রতিক **'শহীদ আবু সাঈদ'**কে। স্বৈরাচার ও ফ্যাসিষ্ট আওয়ামী সরকারের নির্দেশে পুলিশের বুলেটে প্রথম যাঁর বুকের তাজা রক্তে রঞ্জিত হয়েছিল আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ। একই সঙ্গে শ্রদ্ধাভরে স্মরণ করছি **শহীদ মীর মুগ্ধ** এবং **শহীদ শরীফ ওসমান হাদী**সহ আন্দোলনে শাহাদাৎ বরণকারী সেসকল শহীদদেরকে- যাঁদের আত্মত্যাগ জাতির বিবেককে বিশেষভাবে জাগ্রত করেছে এবং দেশের তরুণ সমাজের সাহস, আত্মমর্যাদা ও ন্যায়বোধের চেতনায় এক উজ্জ্বল প্রতীক হয়ে অন্যায়, জুলুম-নির্যাতন, শোষণ ও বৈষম্যের বিরুদ্ধে যুগে যুগে ভবিষ্যৎ প্রজন্মকে মানবিক মূল্যবোধ, ন্যায় ও সত্যের পথে চলার প্রেরণা জোগাবে।

আন্তরিক শ্রদ্ধা ও সহমর্মিতার সঙ্গে স্মরণ করছি সেসব সংগ্রামী মানুষকে যাঁরা মৃত্যু অবধারিত জেনেও নিজেদের জীবনবাজি রেখে গণঅভ্যুত্থানে অংশগ্রহণ করে আহত হয়েছেন, পঙ্গুত্ববরণ করেছেন কিংবা দৃষ্টিশক্তি হারিয়েছেন; মহান সৃষ্টিকর্তার কাছে আমি তাঁদের দ্রুত আরোগ্য, সুস্বাস্থ্য ও মর্যাদাপূর্ণ জীবন কামনা করছি। জুলাই আন্দোলনে অংশগ্রহণকারী সর্বস্তরের শিশু-কিশোর-যুবক, শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, পেশাজীবী, সাংবাদিক এবং দিনমজুরসহ সকলের সাহস, আত্মত্যাগ ও দেশপ্রেমের প্রতি জানাই আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা। তাঁদের সীমাহীন ত্যাগ ও দৃঢ় প্রত্যয় আমাদের জাতীয় ইতিহাসে এক গৌরবময় দৃষ্টান্ত হয়ে থাকবে।

**জুলাই শহীদ দিবস** কেবল একটি শোকের দিন নয়; বরং এটি জালিমের বিরুদ্ধে মজলুমের আত্মত্যাগ, ন্যায়বিচার, মানবিক মর্যাদা, গণতান্ত্রিক চেতনা এবং বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠার অঙ্গীকার পূরণে শপথ নেওয়ার দিন। এই দিবস আমাদের স্মরণ করিয়ে দেয়-যত বাধাই আসুক জাতির প্রয়োজনে ত্যাগ কখনো বৃথা যায় না; অধিকার আদায়ের ক্ষেত্রে আত্মোৎসর্গই ইতিহাসকে নতুন পথ দেখায়।

তাই, এ দিনে আমাদের প্রিয় প্রাঙ্গণ **হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের** শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সকলের প্রতি আমার একান্ত আহবান আসুন, **জুলাই শহীদদের** মহান আত্মত্যাগের চেতনাকে ধারণ করে সততা, নৈতিকতা, দেশপ্রেম এবং পেশাগত উৎকর্ষের মাধ্যমে একটি উন্নত, মানবিক ও মর্যাদাপূর্ণ বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখি। পাশাপাশি, সকল বিভেদ, হিংসা-বিদ্বেষ ও অসহিষ্ণুতাকে পরিহার করে পারস্পরিক শ্রদ্ধা, সম্প্রীতি, আইনের শাসন, ন্যায়বিচার এবং মানবিক মূল্যবোধকে সমুন্নত রাখার অঙ্গীকার করি।

পরিশেষে, **জুলাই শহীদ দিবসে** আমি অবারোও সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করছি এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি। মহান আল্লাহ আমাদের সকলকে সত্য, ন্যায়, মানবিকতা ও দেশপ্রেমের আদর্শে উদ্বুদ্ধ করুন এবং আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশকে শান্তি, সমৃদ্ধি ও কল্যাণে সমুজ্জ্বল রাখুন।

আল্লাহ্ আমাদের মঙ্গল করুন।

Enamullah
16.7.2026

(প্রফেসর ড. মো. এনামউল্যা)
ভাইস-চ্যান্সেলর

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

CS Scanned with CamScanner